

স্মারক নং-২৭.১২.৪১৪৭.৫১০.০০১.০৩৮.২০. ৬৪২৩

তারিখঃ ০৯ অগ্রহায়ণ'১৪২৭ বঙ্গাব্দঃ
২৪ নভেম্বর' ২০২০ খ্রিঃ

**বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) শীতকালীন পোষাক সরবরাহের দরপত্র
বিজ্ঞপ্তি আহবান প্রসঙ্গে।**

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নের বর্ণনা ও শর্ত অনুযায়ী শীতকালীন পোষাক সরবরাহের জন্য বাংলাদেশের প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	মালামালের বিবরণ	পরিমাণ	উদ্ধৃত মূল্য	
			একক মূল্য	মোট মূল্য
০০০-৬২-০১-১১-০১-১১-০১-০১ জি	সুপারভাইজারদের শীতের পোষাক (চায়না) (নমুনা মোতাবেক)।	১৮ টি		
	কর্মচারীদের শীতের পোষাক (চায়না) (নমুনা মোতাবেক)।	২৭ টি		
			সর্বমোট =	


(কথায়ঃ -----)

শর্তাবলীঃ

- ০১। দরপত্র আগামী ০১/১২/২০২০ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৮ম তলা) পূর্ব অংশ খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (খ) জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙা, যশোর এ রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। প্রাপ্ত দরপত্র সমূহ ঐ দিনই অর্থাৎ ০১/১২/২০২০ খ্রিঃ তারিখ ১২:৩০ ঘটিকার সময় (ক) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর ও (খ) সমিতির সদর দপ্তরে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের খামের উপরে "**শীতকালীন পোষাক সরবরাহের দরপত্র**" কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- ০৩। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।
- ০৪। দরপত্রের সাথে হালনাগাদ ড্রেড লাইসেন্সসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।
- ০৫। কার্যাদেশে বর্ণিত সময়ের মধ্যে মালামাল নিজ খরচে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরে পৌঁছাতে হবে। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।


২য় পাতা

- ০৬। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৭। কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ কম বা বেশি করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৮। সরবরাহকৃত মালামালের গুনগত মান যাচাই করা হবে। নমুনা অনুযায়ী মালামাল সরবরাহ করা না হলে তা গ্রহণ করা হবে না।
- ০৯। দরপত্র সম্পর্কে কারও কোন প্রশ্ন থাকলে দরপত্র দাখিলের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিতভাবে অনুরোধ করতে হবে।
- ১০। কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ১১। উল্লেখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।
- ১২। আগ্রহী দরদাতাগণ বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট WEB: www.pbs1.jessore.gov.bd দেখতে পারবেন।


(আবু বকর শিবলী)
জেনারেল ম্যানেজার
(চলতি দায়িত্ব)

অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)

- ০১। পরিচালক পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, যশোর।
- ০৩। পুলিশ সুপার, যশোর।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পবিস ১/২/৩/৪।
- ০৫। মেয়র, পৌরসভা কার্যালয়, যশোর।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, পবিবোর্ড, যশোর।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ, যশোর।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর/ শার্শা/ ঝিকরগাছা/ চৌগাছা/ বাঘারপাড়া উপজেলা, যশোর।
- ০৯। ডিজিএম, শার্শা/ঝিকরগাছা/বাঘারপাড়া/চৌগাছা, যশোর পবিস -১।
- ১০। এজিএম (অর্থ- হিসাব), যশোর পবিস -১।
- ১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), যশোর পবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
- ১২। মেসার্স
- ১৩। নোটিশ বোর্ড, যশোর পবিস -১।
- ১৪। অফিস কপি / মাস্টার কপি।


জেনারেল ম্যানেজার
(চলতি দায়িত্ব)